



বিবিআর/এডমিন/পিআর-৪৬১/১৬২৭

২৮ সেপ্টেম্বর ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

বলিভিয়ার রাষ্ট্রপতির নিকট পরিচয়পত্র পেশ করলেন রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা

ব্রাজিলে নিযুক্ত দক্ষিণ আমেরিকায় বাংলাদেশের একমাত্র রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে লাপাজে অবস্থিত গ্র্যান্ড পিপলস হলে বলিভিয়ার রাষ্ট্রপতি লুইস আলবার্তো আর্সে কাতাকোরার নিকট পরিচয়পত্র পেশ করেছেন। রাষ্ট্রদূত ফয়জুননেসা ব্রাসিলিয়াস্থ দূতাবাসে নিযুক্ত থেকে অনাবাসিক রাষ্ট্রদূত হিসেবে বলিভিয়ার সমবর্তী দায়িত্ব পালন করবেন।

পরিচয়পত্র পেশের পর রাষ্ট্রপতি আলবার্তোর সাথে রাষ্ট্রদূতের এক সংক্ষিপ্ত বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাষ্ট্রদূত ১৯৭০-এর সাধারণ নির্বাচন, গণহত্যা, গৌরবোজ্জ্বল মুক্তিযুদ্ধ ও ৩০ লাখ শহীদের রক্তে অর্জিত বাংলাদেশের অভূতদেয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান রাষ্ট্রপতি আলবার্তোকে অবহিত করেন। ল্যাটিন আমেরিকার কিংবদন্তী নেতা ফিদেল কাস্ত্রোর সাথে বঙ্গবন্ধুর বন্ধুত্ব ও ফিদেল কাস্ত্রো কর্তৃক বঙ্গবন্ধুর হিমালয়সম তুলনা জেনে রাষ্ট্রপতি আলবার্তো আবেগতাপ্ত হন এবং বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডের বিষয়ে অবগত হয়ে তিনি অত্যন্ত ব্যথিত হন।

রাষ্ট্রদূত ফয়জুননেসা বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক সমৃদ্ধিতে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বের বিভিন্ন অর্জন তুলে ধরেন। রাষ্ট্রদূত এ সময় জাতিসংঘের বিভিন্ন উন্নয়ন ফোরামে বাংলাদেশ ও বলিভিয়ার সহযোগিতা তুলে ধরেন। রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে রাষ্ট্রদূত বাংলাদেশের উদ্বেগের কথা জানান। এ সময় বলিভিয়ার ভাইস-মিনিষ্টার ফর ফরেন এফেয়ার্স এরউইন ফেডি মামানি মাচাকা উপস্থিত ছিলেন।

আর্থসামাজিক উন্নয়নে বাংলাদেশের অভূতপূর্ব সাফল্যে বলিভিয়ার রাষ্ট্রপতি অভিভূত হন এবং তিনি বলেন উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশ ও বলিভিয়া উন্নয়ন-সহযোগী হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে। রাষ্ট্রদূত তাঁকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানালে তিনি তা সাদরে গ্রহণ করেন এবং অনতিবিলম্বে বাংলাদেশ সফরের অভিপ্রায় ব্যক্ত করেন। বহুপাক্ষিক ফোরামে বাংলাদেশের ঘনিষ্ঠ অংশীদার বলিভিয়ার সাথে ভবিষ্যতে দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদার করার ব্যাপারে রাষ্ট্রপতি এবং রাষ্ট্রদূত উভয়ই সম্মত হন। বিশেষ করে ঔষধ রপ্তানি, গার্মেন্টস ও নীটওয়ার, প্লাস্টিক ও চামড়াজাত পণ্যে সম্ভবনাময় বলিভিয়ার বাজার সম্প্রসারণে রাষ্ট্রদূত কাজ করার আগ্রহ ব্যক্ত করেন। উল্লেখ্য, দ্বিপাক্ষিক আমদানি রপ্তানি বাণিজ্যে বাংলাদেশ এগিয়ে রয়েছে।

রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা বলিভিয়ার রাষ্ট্রপতিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ *অসমাণ্ড আত্মজীবনী* এবং বাংলাদেশের লোকশিল্পের নিদর্শন হিসেবে নকশী কাঁথা উপহার হিসেবে প্রদান করেন।

